দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 18 OCT 1988
পৃষ্ঠা 5 কলাম 3

88

# প্রাইভেট টিউটর

স্কুল-কলেজের শিক্ষকরা প্রা
ভেট পড়াতে পারবেন না, এই মর্ম
দাবী উঠেছে। এ দাবীর পেছ
যুক্তি হল, স্কুল-কলেজে
শিক্ষকরা প্রাইভেট পড়ালে, (এক
প্রাইভেট পড়ুয়ারা পরীক্ষায় প্রশ্ন
পায়, (দুই), প্রাইভেট টিউটার
এসএসসি, এইচএসসি পরীক্ষা
সঙ্গে জড়িত থাকলে পরীক্ষা
দুর্নীতি সংঘটিত হয়, (তিন)
প্রাইভেট পড়ানোর পর শিক্ষকদে
স্কুল-কলেজে পড়ানোর মত উৎ
সাহ অবশিষ্ট থাকে না।

এ যুক্তি অবশ্যই উড়িয়ে দেয়া যায় না। শহরের স্কুল কলেজের শিক্ষকরা পরীক্ষার সঙ্গে জড়িত থাকে বলে বিশেষ বিশেষ প্রতিষ্ঠানের ছাত্র...রা যে ভাল সাক্সেস পায় এ বিষয়ে সন্দেহ নেই। এ জন্যে গ্রামের ছাত্রছাত্রীদের তুলনায় তারা ভাল ফলও করে। এতে এক ধরনের বৈষম্যও তৈরি হয়।

তবে স্কুল-কলেজ শিক্ষকদের প্রাইভেট পড়ানো থেকে বিরত করার আগে আরও একটি বিষয় বিবেচনা করে দেখা উচিত। আমাদের স্কুল-কলেজগুলিতে যে লেখাপড়ার আদর্শ অবস্থা বিরাজ করছে না, সে বিষয়ে তর্কের অবকাশ নেই। পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের কোন স্কুল-কলেজেই আলাদাভাবে যত্ন করে পড়ানো হয়। সব ছাত্রছাত্রী ক্লাসে পড়া বুঝে নেবার মত ক্ষমতাও রাখে না। ফলে, তারা ক্রমাগত পিছিয়ে পড়তে থাকে। সব ছাত্রছাত্রীর অভিভাবকরা পড়াশোনা দেখাতেও পারেন না।

কেউ বলতে পারেন উচ্চ শিক্ষিত বেকার যুবকরাই প্রাইভেট পড়ানোর দায়িত্ব নিতে পারে। নিশ্চয়ই পারে। কলেজ বিশ্ববিদ্যালয়ের বহু ছাত্র প্রাইভেট পড়ায়। কিন্তু শহরের বাইরে তো তাদের পাওয়া যায় না। তাছাড়া স্কুল-কলেজের শিক্ষকরা দীর্ঘদিনের অভিজ্ঞতায় ছাত্রদের পড়ানোর যে দক্ষতা ও ক্ষমতা অর্জন করেন তা অনেক উচ্চ শিক্ষিত তরুণের মধ্যে থাকে না। তাদের সবাই ভাল পড়াতে পারে না। স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের ঠিকমত পড়ানোর একটা পদ্ধতি আছে—পাঠ্যবইয়ের সঙ্গে যাদের নিত্য সংশ্রব শুধু তারাই যথার্থভাবে পড়াতে পারেন। এ কারণেই মনে হয়, স্কুল-কলেজের শিক্ষকদের প্রাইভেট পড়ানো থেকে বিরত করা হলে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীরা ক্ষতিগ্রস্ত হবে। এ বিষয়ে হঠাৎ করে সিদ্ধান্ত না নেয়াই সমীচীন হবে।

একথা ঠিক যে প্রাইভেট টিউটরের ওপর নির্ভর না করতে পারলেই ভাল। যে ছাত্র নিজে বই পড়ে বুঝতে পারে, ক্লাসের পড়া ধরতে পারে, সে ভাল জ্ঞান অর্জন করতে পারে। কিন্তু এমন ছাত্র ক'জন? ক'টি স্কুলে-কলেজে তেমন পড়ানো হয়? হালে তো নানা কারণে অর্ধেক বছরই ক্লাস বন্ধ থাকে, পড়াশোনা হয় না। প্রাইভেট পড়া বন্ধ করার পূর্বশর্ত হচ্ছে স্কুল-কলেজে ভাল লেখাপড়ার ব্যবস্থা এবং প্রত্যেকটি ছাত্রের শিক্ষার ব্যাপারে যত্ন ও মনোযোগ। স্কুল-কলেজের পড়া যথেষ্ট হলে অভিভাবকরা কেন পয়সা খরচ করে প্রাইভেট টিউটর রাখবেন?

—জনৈক অভিভাবক,
২২/৩ এলিফ্যান্ট রোড

186